

অধ্যক্ষের বাণী

সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সুন্দরবন অধ্যুষিত এলাকার একটি সুখ্যাত প্রতিষ্ঠান এবং প্রকৃতির সুন্দর নির্মল সবুজছায়া পরিবেশে প্রতিষ্ঠানটি দাঁড়িয়ে আছে। প্রতিষ্ঠানটির উন্মেষ ঘটে মহান মুক্তিযুদ্ধের সূচনালগ্ন ১৯৭০ সনে। এই প্রতিষ্ঠান মাধ্যমিক পর্যায়ের শিক্ষক তৈরির সূতিকাগার বলা যায়। এখানকার তৈরিকৃত শিক্ষকরা জাতি বিনির্মাণে নিরলস ভূমিকা রেখে চলেছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন বিএড ১ বছর, বিএড (অনার্স) ৪ বছর এবং এমএড ১ বছর মেয়াদী নিয়মিত প্রোগ্রাম চলছে। প্রতিবছর মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয় ও মাদরাসা শিক্ষকদের বিভিন্ন ধরনের স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কার্যক্রমও চলছে। এছাড়াও মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নের জন্য এ কলেজে ICT, শিক্ষা ব্যবস্থাপনাসহ শিক্ষা সংশ্লিষ্ট বহুবিধ প্রশিক্ষণ দেয়া হয়। অধ্যক্ষের নেতৃত্বে বিভিন্ন পর্যায়ের সুদক্ষ সদস্যদের নিয়ে একটি টিম কলেজটির ভৌত ও একাডেমিক উন্নয়নে নিরন্তর কাজ করে যাচ্ছে। বর্তমানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং শিক্ষা মন্ত্রণালয় শিক্ষার গুণগত মান উন্নয়ন, ২০৩০ সালের মধ্যে এসডিজি-৪ বাস্তবায়ন, ডিজিটাল বাংলাদেশ গঠন এবং ২০৪১ সালের মধ্যে উন্নত রাষ্ট্রে উন্নীতকরণে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে মাননীয় শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি, এমপি এবং শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, এমপি একযোগে কাজ করে যাচ্ছে। প্রকৃতপক্ষে জাতিরজনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সোনার বাংলা গঠনই আমাদের একমাত্র অতীষ্ট লক্ষ্য।